

আজকাল

কলকাতা ৫ আঘাট ১৪৩০ বুধবার ২১ জুন ২০২৩ শহর সংস্করণ* ৪.০০ টাকা ১২ পাতা

পশ্চিম

রাজ্য

আজকাল

৮

কলকাতা বুধবার ২১ জুন ২০২৩

অস্থিমজ্জা প্রতিস্থাপনে সেঞ্চুরি পার

আজকালের প্রতিবেদন

অস্থিমজ্জা প্রতিস্থাপনে (বোন ম্যারো ট্রান্সপ্লান্ট বা বিএমটি) সেঞ্চুরি পার করল সরোজ গুপ্ত ক্যান্সার সেন্টার অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট। এখনও পর্যন্ত ১০০টি অটোলগাস অস্থিমজ্জা প্রতিস্থাপন সফলভাবে হওয়ায় বৃহস্পতিবার সাংবাদিক সম্মেলনে সেই আনন্দ ভাগ করে নিলেন হাসপাতাল কর্তৃপক্ষ। এ রাজ্যেও এখন ধীরে ধীরে বাড়ছে অস্থিমজ্জা প্রতিস্থাপন। ভারতের মধ্যে পশ্চিমবঙ্গে ৮ থেকে ১০ শতাংশ বেড়েছে অস্থিমজ্জা প্রতিস্থাপন। হাসপাতালের সেমিনার কক্ষে আয়োজিত সাংবাদিক সম্মেলনে ছিলেন হাসপাতালের সম্পাদক অঞ্জন গুপ্ত, অধিকর্তা ডাঃ অর্ণব গুপ্ত, হেমাটোঅঙ্কোলজি বিভাগের প্রধান ডাঃ আর এন ঘোষ, হেমাটোঅঙ্কোলজিস্ট ডাঃ অরিজিৎ বিশ্ব, অস্থিমজ্জা প্রতিস্থাপন বিশেষজ্ঞ ডাঃ পার্থ গুপ্ত প্রমুখ। চিকিৎসকেরা জানান, কিছু কিছু রক্তের ক্যান্সার এবং রক্তরোগের চিকিৎসায় অস্থিমজ্জা প্রতিস্থাপনে ভাল ফল পাওয়া যায়।